# জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট অ্যালামনাই এসোসিয়েশন (জুর্সা) এর

## গঠনতন্ত্র

## বিসমিল্লাহির রহমানির রাহিম

**০১। নামকরণ:**

এই সংগঠন জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট অ্যালামনাই এসোসিয়েশন এর সংক্ষিপ্ত নাম হবে (JnURSAA)

০২। কার্যালয়: এর প্রধান কার্যালয় ঢাকা মহানগরীতে অবস্থিত হবে।

**০৩। পরিধি ও সংজ্ঞা:**

এই এসোসিয়েশনের পরিধি বা আওতা হবে বাংলাদেশসহ বিশ্বের সকল দেশে অবস্থানরত বা কর্মরত জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন রোভার স্কাউটগণ। অর্থাৎ পৃথিবীর যে কোন দেশে অবস্থানরত জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রাক্তন রোভার স্কাউটগণ এসোসিয়েশনের সদস্য হতে পারবেন।

**ক) পরিধিঃ**

এই এসোসিয়েশন হবে একটি কল্যাণমূলক, জনহিতকর এবং অরাজনৈতিক সংগঠন। এসোসিয়েশনের কার্যক্রম গঠনতন্ত্রের সাথে সামঞ্জস্যপূর্ণ হবে এবং এসোসিয়েশনকে কোন প্রকার রাজনৈতিক উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না।

**সংজ্ঞা:**

এই গঠনতন্ত্রে পরবর্তী আলোচনাসহ এসোসিয়েশনের সকল উদ্দেশ্যে নিম্নোক্ত **Term** বা শব্দগুলোর প্রদত্ত সংজ্ঞা হবে। এসোসিয়েশন বলতে জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট অ্যালামনাই এসোসিয়েশন বুঝাবে। 'পরিষদ' বলতে এসোসিয়েশনের কার্যনির্বাহী পরিষদ বুঝাবে। PRS বলতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের রোভার স্কাউটসের প্রাক্তন প্রেসিডেন্ট রোভার স্কাউট বুঝাবে। SRM বলতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের রোভার স্কাউটসের প্রাক্তন সিনিয়র রোভার মেটকে বুঝাবে। RM বলতে প্রাক্তন রোভার মেট এবং RS বলতে প্রাক্তন রোভার স্কাউট জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপকে বুঝাবে।

**০৪। উদ্দেশ্য ও কার্যাবলী:**

ক) মুখ্য উদ্দেশ্যাবলী:

বিভিন্ন পেশায় কর্মরত জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট এর প্রাক্তন PRS, SRM, RM, RS রোভারবৃন্দের মধ্যে পরিচিতির মাধ্যমে বন্ধুত্ব ও সৌহার্দ-সম্প্রীতির ভ্রাতৃত্ববোধ সৃষ্টি।

(২) ব্যক্তিগত ও সমষ্টিগতভাবে সদস্যবৃন্দের পেশাগত মান উন্নয়নে সহযোগিতা এবং পারিবারিক ও পারস্পরিক সহযোগিতার মাধ্যমে সুসম্পর্ক প্রতিষ্ঠা এবং

(৩) এসোসিয়েশন সদস্যদের আর্থিক স্বচ্ছলতা বৃদ্ধি ও ব্যক্তিগত দক্ষতা উন্নয়নের লক্ষ্যে আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের প্রচেষ্টা চালানো।

**বিশেষ উদ্দেশ্য ও কার্যাবলী:**

২) এসোসিয়েশনের সদস্যদের সন্তান ও মেধাবী শিক্ষার্থীদের বৃত্তিসহ আর্থিক সহযোগিতা প্রদান,

(১) বেকার প্রাক্তন রোভার স্কাউটদের কর্মসংস্থানে সহায়তা প্রদান, (সমাজ কল্যানমূলক কার্যাবলী সম্পাদনের জন্য কল্যাণ তহবিল গঠন ও পরিচালনা,

(৪) মুখ্য উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে প্রযোজ্য প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন।

(৫) এসোসিয়েশনের নামে কেন্দ্রীয়ভাবে স্থাবর ও অস্থাবর সম্পত্তি অর্জন, সংরক্ষণ ও উন্নয়ন সাধন।

(৬) সদস্যবৃন্দের কল্যাণে এবং উন্নয়নে বিভিন্ন কল্যাণমূলক প্রকল্প ও কার্যক্রম গ্রহণ, বাস্তবায়ন।

(৭) কৃতী ও গুণী স্কাউট ব্যক্তিবর্গকে স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে কৃতিত্বের জন্য সম্বর্ধনা জ্ঞাপন।

(৮) স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক সকল ক্ষেত্রে সম্ভাব্য সৎ উপায়ে সদস্যবৃন্দের অধিকার সংরক্ষণে সহায়তা।

(৯) কমিউনিটি ভিত্তিক বিশেষ উন্নয়নে সমস্যা চিহ্নিতকরণ, সমাধানের প্রস্তাবনা প্রণয়ন এবং ঐক্যবদ্ধ প্রয়াসে তা বাস্তবায়ন।

(১০) মৃত্যু, দুর্ঘটনাজনিত অক্ষমতা কিংবা কোনভাবে বিপন্ন অবস্থার সম্মুখীন সদস্যের পরিবারের জন্য জরুরীভিত্তিক প্রয়োজনীয় আর্থিক ও অন্যান্য সহযোগিতা প্রদান।

(১১) প্রকাশনা ও গণমাধ্যমের ব্যবহার এবং সেমিনারসহ সাংস্কৃতিক, সামাজিক ক্রীড়া ও অনুষ্ঠানাদি আয়োজনের মাধ্যমে সদস্যবৃন্দের মধ্যে ব্যাপক যোগাযোগ ও সম্প্রীতি প্রতিষ্ঠা।

(১২) দূর্নীতি মুক্ত সমাজ প্রতিষ্ঠায় সচেষ্ট থাকতে হবে।

০৫। সদস্যপদ:

ক) সদস্যভুক্তি:

নিম্নোক্ত শতাবলী পূরণ সাপেক্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট অ্যালামনাই এসোসিয়েশন সদস্য হবেনঃ-

(১) তাকে জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের প্রাক্তন PRS, SRM, RM, অথবা RS হতে হবে।

(২) তিনি এসোসিয়েশনের উদ্দেশ্য ও কার্যাবলী অবগত হয়েছেন এবং সকল সাংগঠনিক বাধ্যবাধকতা প্রতিপালন করবেন মর্মে সম্মত থাকবেন।

খ) সদস্য শ্রেণী:

**(১) প্রতিষ্ঠাতা সদস্য:** যে সকল সদস্য শুরু থেকে প্রথম কার্যনির্বাহী পরিষদ দায়িত্বপ্রাপ্ত হবার পূর্ব মুহুর্ত পর্যন্ত এসোসিয়েশনের সাথে সম্পৃক্ত।

**(২) সাধারণ সদস্য:** যে সকল সদস্য এই গঠনতন্ত্রের ৬ (ক) অনুচ্ছেদ অনুযায়ী সদস্য পদ লাভ করেছেন,

(৩) **আজীবন সদস্য** কার্য নির্বাহী পরিষদের সভাপতি ও সম্পাদকের অনুমোদনক্রমে এককালীন ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা এসোসিয়েশনের তহবিলে পরিশোধকারী আগ্রহী যে কোন সদস্য এসোসিয়েশনের **আজীবন সদস্য হতে পারবেন**।

**(৪) সহযোগী সদস্য।** জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের চলতি PRS, SRM, RM, RS রা সহযোগী সদস্য হিসেবে যোগদান করতে পারবেন। তবে তারা প্রাক্তন হলেই সাধারণ সদস্য পদ লাভকরতে পারবেন|

**(৫) উপদেষ্টা সদস্য:** কার্যনির্বাহী পরিষদের সভাপতি কিংবা সাধারণ সম্পাদক পদে ইতিপূর্বে দায়িত্ব পালন করেছেন বা বর্তমানে করছেন এবং এমন ব্যক্তি বা সদস্য যারা এসোসিয়েশনের নির্বাহী পরিষদ কর্তৃক মনোনীত হবেন|(তবে যাদের বয়স কমপক্ষ ৪৫ সৎসর), র্জুসার সদস্য,আজীবন সদস্য এ সকল বিষয় বিবেচনা করে, র্নিবাহী কমিটির উপদেষ্ঠা কমিটি গঠন করবেন। উপদেষ্ঠা সদস্য জ্যেষ্ঠাতার ভিত্তিতে হবে।

**(৬) পৃষ্ঠপোষক সদস্যঃ** গ্রুপ কমিটিতে দায়িত্বপ্রাপ্ত প্রাক্তন কোন অধ্যাপক/অধ্যাপিকা পৃষ্ঠপোষক সদস্য হতে পারবেন। বার্ষিক সাধারণ সভায় উপস্থিত থাকতে পারবেন।

**সদস্য পদ বাতিল।**

(১) নির্বাহী পরিষদের মতে কোন সদস্যের কার্যকলাপ এসোসিয়েশনের স্বার্থ, আদর্শ ও উদ্দেশ্য কিংবা গঠনতন্ত্রের বিধিবিধানের পরিপন্থী হলে,

(২) সদস্য চাঁদা হিসেবে সমিতির প্রাপ্য অর্থ প্রদেয় হওয়ার শেষ তারিখ হতে অথবা সমিতি কর্তৃক চাঁদা পরিশোধের লিখিত তাগাদা প্রেরণ বা বিজ্ঞপ্তি জারির ৩০ দিনের মধ্যে সমুদয় প্রাপ্য/বকেয়া চাঁদা পরিশোধিত না হলে সদস্য পদ সাময়িকভাবে বাতিল বিবেচিত হবে। তবে বকেয়া চাঁদা পরিশোধ করলে সাময়িকভাবে বাতিলকৃত সদস্যপদ পুনর্বহাল হবে। মোট ছয় মাসের সদস্য চাঁদা বকেয়া হলে সদস্য পদ স্বয়ংক্রিয়ভাবে ও চূড়ান্তভাবে বাতিল হয়ে যাবে এবং

(৩) কোন সদস্য সদস্য পদ হতে পদত্যাগ করলে বা মৃত্যুবরন করলে,

(৮) আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত হলে, মানসিক ভারসাম্য হারালে।

(৫) কেউ যদি স্বেচ্ছায় নিজের নাম ও সদস্য পদ প্রত্যাহার করে নিলে

**০৬। সাধারণ পরিষদ।**

(ক) সকল শ্রেণীর সদস্যের সমন্বয়ে এই পরিষদ গঠিত হবে।

(খ) এসোসিয়েশনের মোট সদস্য সংখ্যার দুই তৃতীয়ংশ সদস্যের সম্মতিক্রমে সাধারণ পরিষদ এর সভায় কার্যনির্বাহী পরিষদ বাতিল করতে পারবে।

**০৭ কার্যনির্বাহী পরিষদঃ**

(ক) সদস্যবৃন্দের মধ্য হতে গঠনতন্ত্র অনুযায়ী **দুই** বছর মেয়াদের জন্য **২৭** সদস্য বিশিষ্ট নির্বাচিত কার্যনির্বাহী পরিষদ এসোসিয়েশনের সকল কার্যাবলী পরিচালনা করবে।

৩৫ সদস্য বিশিষ্ট কার্যনির্বাহী পরিষদ নিম্নরূপে গঠিত হবে।

| | |
|---|---|
| ১) সভাপতি | - ১ জন |
| ২) সহ- সভাপতি | - ৫ জন |
| ৩) সাধারণ সম্পাদক | - ১ জন |
| ৪) যুগ্ম সাধারণ সম্পাদক | - ২ জন |
| ৫) কোষাধ্যক্ষ | - ১ জন |
| ৬) সাংগঠনিক সম্পাদক | - ১ জন |
| ৭) সহ- সাংগঠনিক সম্পাদক | - ১ জন |
| ৮) সমাজ কল্যাণ সম্পাদক | - ১ জন |
| ৯) সহ সমাজ কল্যাণ সম্পাদক | - ১ জন |
| ১০) প্রচার ও প্রকাশনা সম্পাদক | - ১ জন |
| ১১) সহ প্রচার ও প্রকাশনা সম্পাদক | - ১ জন |
| ১২) সংস্কৃতি ও ক্রীড়া সম্পাদক | - ১ জন |
| ১৩) সহ সংস্কৃতি ও ক্রীড়া সম্পাদক | - ১ জন |
| ১৪) দপ্তর সম্পাদক | - ১ জন |
| ১৫) সহ দপ্তর সম্পাদক | - ১ জন |
| ১৬) মহিলা বিষয়ক সম্পাদক | - ১ জন |
| ১৭) র্নিবাহী সদস্য | - ৫ জন |
| ১৮) সহযোজিত সদস্য (সভাপতি ও সম্পাদক, রোভার ইন কাউন্সিল-২ জন) | -০২ জন |
| | মোট = ২৭ জন |

যে কোন কারণে সভাপতির পদ শূন্য হলে এসোসিয়েশনের সহ- সভাপতিদের মধ্য থেকে ক্রমানুসারে অন্তর্বর্তীকালীন সভাপতির দায়িত্ব পালন করবেন। তবে সভাপতির পদ শূন্য হবার ৩০ দিনের মধ্যে উক্ত পদটি নির্বাহী পরিষদের সভায় তা পূরণ করতে পারবে।

গ) এক তৃতীয়াংশ সদস্যবৃন্দের উপস্থিতিতে পরিষদের সভার কোরাম হবে।

ঘ) প্রতি তিন মাসে কার্য নির্বাহী পরিষদের কমপক্ষে একটি সভা অনুষ্ঠিত হবে।

**০৮। কার্য নির্বাহী পরিষদের ক্ষমতা ও কর্তব্য।**

ক) সাধারণ সভার অনুষ্ঠানের জন্য সকল প্রকার ব্যবস্থা গ্রহণ করবে।

খ) প্রয়োজনবোধে উপদেষ্টা পরিষদের সদস্যবৃন্দের উপদেশ ও পরামর্শ গ্রহণ করবে।

গ) এসোসিয়েশনের উদ্দেশ্যাবলী অর্জনের লক্ষ্যে বিভিন্ন কার্যাবলী সম্পাদন করবে।

ঘ) প্রয়োজনবোধে সুস্পষ্ট কার্যক্রম নির্ধারণপূর্বক নির্দিষ্ট মেয়াদের জন্য উপ-কমিটি গঠন করতে পারবে।

ঙ) অসদাচরণ অথবা গঠনতন্ত্র বিরোধী কাজের জন্য যে কোন সদস্যের সদস্যপদ বাতিল বা সাময়িকভাবে স্থগিত করতে পারবে।

চ) গঠনতন্ত্রের আওতার মধ্যে এসোসিয়েশনের সুষ্ঠু পরিচালনার জন্য বিধি প্রণয়ন করতে পারবে তবে এরূপ প্রণীত বিধি-বিধানসমূহ পরবর্তী সাধারণ সভায় অনুমোদনের জন্য পেশ করতে হবে।

ছ) পূর্ব অনুমতি ব্যতীত কার্য নির্বাহী পরিষদের কোন সদস্য পর পর তিনটি সভায় অনুপস্থিত থাকলে কার্য নির্বাহী পরিষদে তার সদস্য পদ স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে। এভাবে সৃষ্ট শূন্য পদে কার্য নির্বাহী পরিষদ অন্য সদস্যকে অবশিষ্ট মেয়াদের জন্য কো-অপট করতে পারবে।

জ) পরিষদ তার কার্যাবলীর জন্য সাধারণ পরিষদের নিকট দায়ী থাকবে। সাধারণ পরিষদ কর্তৃক গৃহীত নীতি- কৌশল এবং গঠনতন্ত্রের আলোকে পরিষদ এসোসিয়েশনের দৈনন্দিন কার্যাবলী পরিচালনা করবে।

ঝ) বিভিন্ন উপকমিটির মাধ্যমে কাজ পরিচালনা করা যাবে।

**০৯। কার্য নির্বাহী পরিষদ কর্মকর্তাবৃন্দের দায়িত্বাবলী:**

**সভাপতি:**

(১) সভাপতি এসোসিয়েশনের গঠনতান্ত্রিক প্রধান। তিনি এসোসিয়েশনের সাধারণ সভায় তিন বছরের জন্য নির্বাচিত হবেন। সাধারণ সভা ও কার্য নির্বাহী পরিষদের সকল সভায় তিনি সভাপতিত্ব করবেন। সভাপতির অনুপস্থিতিতে সহ-সভাপতিদের মধ্য থেকে ক্রমানুসারে সভায় সভাপতিত্ব করবেন। সহ-সভাপতির অনুপস্থিতিতে সভা কর্তৃক মনোনীত কার্য নির্বাহী পরিষদের কোন সদস্য সভাপতিত্ব করতে পারবেন।

(২) সভাপতি সভা পরিচালনাকালে কোন ভোটাধিকার প্রয়োগ করবেন না। শুধু সমতার ক্ষেত্রে সিদ্ধান্ত নির্ধারণী ভোট প্রদান করতে পারবেন।

**কোষাধ্যক্ষ :**

(১) তিনি এসোসিয়েশনের সাধারণ সভায় তিন বছরের জন্য নির্বাচিত হবেন। কোষাধ্যক্ষ এসোসিয়েশনের সকল আর্থিক লেনদেনের হিসেব সুষ্ঠুভাবে সংরক্ষণ করবেন। তিনি অর্থ প্রাপ্তির অনুর্ধ সাত দিনের মধ্যে এসোসিয়েশনের ব্যাংক হিসাবে উহা জমা প্রদান করবেন।

(২) তিনি প্রতি ছয় মাসে অর্থাৎ বছরে দুই বার কার্য নির্বাহী পরিষদে আয়-ব্যয় ও সঞ্চয়ের হিসাব প্রদান করবেন। বার্ষিক সাধারণ সভায়ও তিনি বার্ষিক আয়-ব্যয় ও সঞ্চয়ের নিরীক্ষিত প্রতিবেদন পেশ করবেন। তিনি প্রতি মাসে ব্যাংকে রক্ষিত/সঞ্চিত অর্থ যাচাই-বাছাই করে তার প্রকৃত অবস্থা নিরূপণ করবেন।

(৩) সাধারন সম্পাদকের সহায়তায় বার্ষিক বাজেট প্রণয়ন ও কার্য নির্বাহী পরিষদের সভায় উপস্থাপন করবেন ।

**সাধারন সম্পাদক এর দায়িত্ব**

(১) তিনি এসোসিয়েশনের সাধারণ সভায় তিন বছরের জন্য নির্বাচিত হবেন। সাধারণ সম্পাদক এসোসিয়েশনের সকল কার্যক্রম বাস্তবায়নে নির্বাহী প্রধানের দায়িত্ব পালন করবেন। তিনি সকল কার্যক্রম যথাযথ বাস্তবায়নের জন্য কার্য নির্বাহী পরিষদের নিকট দায়ী থাকবেন।

(২) তিনি কার্য নির্বাহী পরিষদ কর্তৃক নির্ধারিত সংগঠন ও সংস্থাসমূহের সাথে এসোসিয়েশনের সংযোগ রক্ষা করবেন।

(৩) সকল উপ-কমিটির কার্যক্রম তদারকী করবেন এবং উপ-কমিটির নিকট হতে কার্য নির্বাহী পরিষদের পক্ষে কার্যক্রমের প্রতিবেদন গ্রহণ করবেন।

(৫) সংগঠনের স্থাবর/অস্থাবর সম্পত্তির রক্ষণাবেক্ষণ নিশ্চিত করবেন।

৪) পরিষদের অনুমোদনক্রমে বার্ষিক সভায় সাধারণ সম্পাদক বার্ষিক প্রতিবেদন পেশ করবেন।

৫) সদস্য ভর্ত্তি,নবায়ন এর ব্যবস্থা গ্রহন করবেন।

**যুগ্ম সাধারণ সম্পাদক।**

(১) তিনি এসোসিয়েশনের সাধারণ সভায় তিন বছরের জন্য নির্বাচিত হবেন।

(২) তিনি অ্যাসোসিয়েশন এর কাজের জন্য সাধারন সম্পাদকের নিকট দায়ী থাকবেন।

(৩) এসোসিয়েশনের সাধারণ সম্পাদকের তত্ত্বাবধানে থেকে সাধারণ সম্পাদক কর্তৃক প্রদত্ত নির্দিষ্ট শ্রেণীর দায়িত্বাবলী পালন ।

(৪) সাধারণ সম্পাদকের যাবতীয় কার্য নির্বাহে সাহায্য ও সহায়তা করবেন।

**সাংগঠনিক সম্পাদক:**

(১) তিনি এসোসিয়েশনের সাধারণ সভায় তিন বছরের জন্য নির্বাচিত হবেন। সাংগঠনিক সম্পাদক, সাধারণ সম্পাদকের পরামর্শক্রমে এসোসিয়েশনের যাবতীয় কার্যক্রমের পরিকল্পনা প্রণয়ন, কার্য নির্বাহী পরিষদ হতে অনুমোদন গ্রহণ এবং দ্রুত সুষ্ঠু বাস্তবায়নের দায়িত্ব পালন করবেন।

(৩) তিনি এসোসিয়েশনকে সম্প্রসারণ করার লক্ষ্যে নতুন সদস্য ভর্তির উদ্যোগ গ্রহণ করবেন।

**দপ্তর সম্পাদক :**

(১) সকল সভার কার্যবিবরণী পরিষদের সদস্যবৃন্দের নিকট সভা অনুষ্ঠানের তারিখ হতে ৭ (সাত) দিনের মধ্যে পৌঁছানো নিশ্চিত করবেন।

(২) তিনি দপ্তরে ফাই, চিঠি , কার্যবিকরনী তৈরী করবেন।

**<u>অন্যান্য সম্পাদক:</u>**

(১) অন্যানা সম্পাদকগণ ও এসোসিয়েশনের সাধারণ সভায় তিন বছরের জন্য নির্বাচিত হবেন। অপরাপর বিভাগীয় সম্পাদকগণ নিজ নিজ ক্ষেত্রে গৃহিতব্য প্রকল্প ও কার্যক্রমসমূহের পরিকল্পনা গ্রহণ, কার্য নির্বাহী পরিষদ হতে অনুমোদন গ্রহণ এবং অনুমোদিত

(২) এসোসিয়েশনের সাধারণ সম্পাদক কর্তৃক অর্পিত বিভাগীয় ও অন্যান্য দায়িত্বাবলী পালন করবেন।

**১০। উপদেষ্টা পরিষদ**

(ক) এসোসিয়েশনের সকল উপদেষ্টা সদস্যের সমন্বয়ে একটি উপদেষ্টা পরিষদ থাকবে।

(খ) উপদেষ্ট পরিষদেও সদস্য হবেন- (১) বিগত সভাপতিবৃন্দ (২) বিগত সাধারন সম্পাদক (৩) বর্তমান সভাপতি (৪) বর্তমান সাধারন সম্পাদক (৫) আজীন সদস্য, বিগত উপদেষ্ট পরিষদের সদস্য ও সাধারন সদস্য থেকে উপদেষ্ট পরিষদের সদস্য হতে পারবেন তবে নির্বাহী কমিটি কর্তক মনোনিত সদস্যগন হবেন ।

(গ) উপদেষ্টা সদস্যবর্গ প্রতি মেয়াদের জন্য একজন সভাপতি মনোনয়ন করবেন। এসোসিয়েশনের কার্য নির্বাহী পরিষদের সভাপতি উপদেষ্টা পরিষদের প্রথম সভা আহবান ও উক্ত সভায় সভাপতিত্ব করবেন।

(ঘ) উপদেষ্টা পরিষদ প্রতি ৪ (চার) মাসে কমপক্ষে একবার করে বছরে ৩ (তিন) টি সভায় মিলিত হবেন। তবে কার্য নির্বাহী পরিষদের অনুরোধে তারও বেশী সভা করতে পারবে। উপদেষ্টা পরিষদ নির্বাহী পরিষদকে উপদেশ ও পরামর্শ প্রদান করবে।

(৫) কার্য নির্বাহী পরিষদ উপদেষ্টা পরিষদের কার্যক্রমে সার্বিক সহায়াতা।

১১। সভাসমূহ

ক) কার্য নির্বাহী পরিষদের সভা ও সাধারণ সভা

(১) কার্য নির্বাহী পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী সুবিধাজনক তারিখ ও স্থানে সভাসমূহ অনুষ্ঠিত হবে।

(২) কার্যসূচী উল্লেখপূর্বক কমপক্ষে ৭ (সাত)দিন সময় দিয়ে এসোসিয়েশনের সম্পাদক সকল সদস্যকে সভার নোটিশ প্রদান করবেন

(৩) এক তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে কোরাম হবে।

(৪) সাধারণ সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ সকল সদস্যের জন্য বাধ্যতামূলক বলে বিবেচিত হবে।

খ) তলবী সাধারণ সভা:

(১) কার্য নির্বাহী পরিষদের এক তৃতীয়াংশ সদস্য লিখিতভাবে সাধারণ সম্পাদকের নিকট নোটিশ প্রদানপূর্বক যে কোন বিষয় আলোচনার জন্য পরিষদের সভা আহবান করতে পারবে। এরূপ ক্ষেত্রে আলোচনার বিষয় বা বিষয়সমূহ নোটিশে সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকতে হবে। এরূপ নোটিশ প্রাপ্তির ৭ দিনের মধ্যে সাধারণ সম্পাদক সভাপতির সাথে আলোচনা করে সভা আহবান করতে বাধ্য থাকবেন।

**১২। তহবিল :**

রেজিস্ট্রেশন ভর্তি ফি ৫০০/- (পাচঁশত) টাকা এবং মাসিক চাঁদা ৫0/-(পঞ্চাশ) টাকা প্রদান করতে হবে।তবে মাসিক চাঁদা বার্ষিক সাধারণ সভায় একসাথে পরিষদ করা যাবে।এ ছাড়াও সদস্য নবায়ন ফি ও র্বাষিক কাউন্সিলের রেজিস্টেশন ফি এর সাথে প্রদান করে নবায়ন করতে হবে । এক্ষেত্রে আজীবন সদস্যগন সদস্য নবায়নের জন্য কোন ফি দিতে হবে না। তবে এসোসিয়েশনের র্বাষিক কাউন্সিলের রেজিস্টেশন ফি ও অন্য যে কোন অনুষ্ঠান এর জন্য র্নিধারিত ফি প্রদান করে অংশগ্রহন করবেন।

**ক) সাধারণ তহবিল :**

এসোসিয়েশনের নামে সংগৃহিত চাঁদা, অনুদান এবং অন্যান্য অর্থ 'এসোসিয়েশন তহবিল' বলে গণ্য হবে। কার্য নির্বাহী পরিষদ কর্তৃক গৃহিত ও ব্যয়কৃত সকল অর্থের প্রকৃত হিসাব বইতে সংরক্ষণ করবেন এসোসিয়েশনের কোষাধ্যক্ষ

**খ) বিশেষ তহবিল :**

কার্য নির্বাহী পরিষদ এসোসিয়েশনের নামে যে কোন কল্যাণমূলক প্রকল্প গ্রহণের মাধ্যমে তহবিল গঠন করতে পারবে। উক্ত তহবিলের জন্য অর্থ সংগ্রহ এবং নির্ধারিত খাতে ব্যয় করতে পারবে। তহবিল ও ট্রাস্টের কল্যাণ বিনিয়োগের উদ্দেশ্যে যে কোন অর্থ সাময়িকভাবে আইন অনুমোদিত যে কোন সিকিউরিটিতে বিনিয়োগ করতে পারবে।

**গ) ব্যাংক হিসাব পরিচালনা:**

(১) এসোসিয়েশনের আয়-ব্যয়ের হিসাব রক্ষণাবেক্ষণের দায়িত্ব কোষাধ্যক্ষের। রাজধানী শহরের যে কোন এক বা একাধিক তফশিলী ব্যাংকে এসোসিয়েশনের হিসাব পরিচালিত হবে। সভাপতি, সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষের মধ্যে কোষাধ্যক্ষসহ যে কোন দুই জনের যুক্ত স্বাক্ষরে টাকা উঠানো যাবে।

(২) এসোসিয়েশনের বার্ষিক আয়-ব্যয়ের হিসাব পরিষদ কর্তৃক অনুমোদিত নিরীক্ষা ফার্ম কর্তৃক নিরীক্ষা করাতে হবে। পরবর্তী বছরের জন্য মনোনীত নিরীক্ষা ফার্মের নাম সাধারণ সম্পাদক সাধারণ পরিষদে অনুমোদনের জন্য পেশ করবেন। তবে অডিট ফার্ম কর্তৃক নিরীক্ষণের পূর্বে অভ্যন্তরীণ অডিট টিম কর্তৃক অভ্যন্তরীণ নিরীক্ষা করাতে হবে।

**১৩। নির্বাচন পরিচালনা পরিষদ:**

(ক) নির্বাচন হলো একটি গণতান্ত্রিক প্রক্রিয়া। এসোসিয়েশন এর ভ্রাতৃত্ব বন্ধনকে একত্রিত রাখার জন্য আলোচনার ভিত্তিতে দ্বি-র্বাষিক সাধারন সভায় পরবরত দুই বৎসরে জন্য একটি কমিটি গঠন করা হবে।

(খ) কমিটি গঠন করার জন্য দ্বি- র্বাষিক সাধারন সভায় উপস্থিত সদস্যদের মধ্যে থেকে যারা র্নিবাচনে অংশগ্রহন করবে না, এমন যোগ্য তিন থেকে পাচ জন সদসদের সমন্বয়ে একটি র্সাচ কমিটি করবেন। র্সাচ কমিটি এসোসিয়েশন এর দ্বি-বার্ষিক কাউন্সিল সভায় কমিটি গঠন এর জন্য নির্বাচনী যে কোন সিদ্বান্ত গ্রহন করতে পারবেন। এক্ষেত্রে এসোসিয়েশন সভাপতি ও সম্পাদকের সহযোগীতায় সকল প্রকার নীতিমালা চুড়ান্ত করবে।

১৪। কমিটির মেয়াদ:

(ক) কার্য নির্বাহী পরিষদ যখনই দায়িত্বভার গ্রহণ করুকনা কেন তাদের মেয়াদকাল নির্বাচনের তারিখ থেকে তিন / দুই বছর হবে। বছরে একবার সাধারন সভায় মিলিত হবে। ২ (দুই বছর অন্তর অন্তর একবার দ্বি-র্বাষিক সাধারন সভায় কমিটি গঠন করা হবে।

(খ) অপরিহার্য করনে ২ (দুহি) বছরের মধ্যে কাউন্সিলের ত্রৈ বাষিক সাধারন সভার আয়োজন করা সম্বব নাহলে নির্বাহী কমিটির সভায় অনধিক ছ'মাস মেয়াদ বাড়ানো যাবে। ৬ (ছয়) মাসের মধ্যে কাউন্সিলের ত্রৈ বাষিক সাধারন আয়োজন সম্ভব নালে নির্বাহী কমিটির আর কোন কার্যকারিতা থাকবেনা। ৬ (ছয়) মাস মেয়াদ শেষ হলে এডহক কমিটি গঠন করতে হবে। এডহক কমিটি ৩ (তিন) মাসের মধ্যে কাউন্সিলের ত্রৈ বাষিক সাধারন সভা আয়োজন করে নতুন নির্বাহী কমিটি গঠন করবে। নির্বাহী কমিটি এডহক কমিটি গঠন করবেন।

এডহক কমিটির সদস্যগণের তালিকা:

| | | |
|---|---|---|
| ১) | উপদেষ্ঠা পরিষদ এর ২ (দুই) জন সদস্য | আহবায়ক |
| ২) | আজীবন সদস্য থেকে ২ (দুই) জন সদস্য (যারা বর্তমান কমিটিতে নাই) | সদস্য |
| ৩) | সহযোজিত সদস্য (রোভার ইন কাউন্সিল এক জন) | সদস্য সচিব |

**১৫। নির্বাচনের যোগ্যতাঃ**

ক) অ্যাসোসিয়েশন এর কোন পদে প্রাথী হতে আগ্রহী প্রাথীকে চলতি বৎসরের কাউন্সিলর হতে হবে। এবং কাউন্সেলে রেজিস্টেশন করে উষ্থিত থাকতে হবে।

খ) একই পদে দুই এর অধিক নির্বাচন করতে পারবে না। সভাপতি, সাধারন সম্পাদক ও কোষাধ্যক্ষ পর পর দুই মেয়াদে নির্বচিত হওয়ার পর তারা আর ঐ পদে নির্বাচন করাতে পারবেন না। এক মেয়াদের পর পারবেন।

**১৬। গঠনতন্ত্র সংশোধন:**

ক) গঠনতন্ত্রের যে কোন ধারা, উপধারা পরিবর্তন, সংশোধন অথবা সংযোজনের এখতিয়ার শুধু সাধারণ পরিষদের থাকবে।

খ) এই ধরণের সংশোধনী আনায়নের জন্য সাধারণ সভা অনুষ্ঠানের ৩ মাস আগে সাধারণ সম্পাদকের নিকট লিখিতভাবে প্রয়োজনীয়তাসহ সংশোধনীর প্রস্তাব দিতে হবে।

গ) সংশোধনী প্রস্তাব আনায়নের পর সে সকল প্রস্তাব সাধারণ সভায় পেশ করার পূর্বে কার্য নির্বাহী পরিষদের সভায় তা অনুমোদন করিয়ে নিতে হবে। সাধারণ সভায় উপস্থিত সদস্যদের সংখ্যাগরিষ্ঠতা অনুমোদনের মাধ্যমে যে কোন সংশোধনী প্রস্তাব চূড়ান্তভাবে গৃহীত হবে।

ঘ) এই গঠনতন্ত্রের কোন কিছু অনুর্ভুক্ত করা হয়নি, এমন বিষয়ে কোন রকম গঠনতান্ত্রিক মতবিরোধ দেখা দিলে কার্য নির্বাহী পরিষদের সভাপতির নেতৃত্বে এসোসিয়েশনের সাধারণ সম্পাদক এবং উপদেষ্টা পরিষদের একজন সদস্য সমন্বয়ে গঠিত যে ব্যাখ্যা প্রদান করবেন, তাই গঠনতান্ত্রিক ব্যাখ্যা বলে বিবেচিত হবে।

১৫। বিলুপ্তিঃ

এই এসোসিয়েশনের বিলুপ্তি কিংবা নাম পরিবর্তনের ক্ষমতা একমাত্র সাধারণ পরিষদই সংরক্ষণ করে।